

যায়যায়দিন

তারিখ - 28 FEB 2023 ...  
পৃষ্ঠা ৩ কলাম - ৫ .....

৩১/১/২৩  
২০

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে অভিযোগ ও পরামর্শ বক্স চালু

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সবার সুবিধার্থে 'অভিযোগ ও পরামর্শ বক্স' চালু করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ডাইস চান্সেলর প্রফেসর ড. সৈয়দ রাশিদুল হাসান এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ে এসে কোনো শিক্ষক-শিক্ষার্থী বা অভিভাবককে যাতে কোনো রকম হয়রানির শিকার হতে না হয়, সে ব্যাপারে সর্বাত্মক ব্যবস্থা নেয়া হয়েছে। এতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক কর্মকাণ্ডে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা সম্ভব হবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর শের মোহাম্মদ, ভারপ্রাপ্ত ডিন ও অন্যান্য বিভাগীয় প্রধানসহ তথা, পরামর্শ ও নির্দেশনা ইউনিটের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ নূরুল আমিন এ সম্মা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি